

যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটির সভা

সভা নং-০৯

সভাপতি : জনাব মোঃ নজরুল ইসলাম নয়ন, আইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
সভার স্থান : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়।
তারিখ : ০৬-১২-২১ খ্রিঃ
সময় : ১১:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবি ও স্বাক্ষর :

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১	জনাব মোঃ জিয়াউল হক	চেয়ারম্যান, ৪ নং গালাগাঁও ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০২	জনাব মোঃ রেজাউল করিম দুদু	চেয়ারম্যান, ৫ নং বালিষা ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৩	জনাব মোঃ মেজবাহ উদ্দিন মণ্ডল	চেয়ারম্যান, ৬ নং ঢাকুরা ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৪	জনাব মোঃ আব্দুস সাল্যাম	চেয়ারম্যান, ১০ নং বিলকা ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৫	জনাব মোঃ রমিজ উদ্দিন আলম	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তারাকান্দা, ময়মনসিংহ।	স্বাক্ষর

সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটির সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে আলোচ্য সূচী আলোচনা করতে বলেন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় দাণ্ডরিক বিভিন্ন কার্যক্রম সম্পর্কে বিস্তারিতভাবে উপস্থাপন করেন।

০১। প্রশিক্ষণঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০২১-২২ খ্রিঃ অর্থ বছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা যুব নারীর দক্ষতা বৃদ্ধিসহ ১৪টি ব্যাচে ৪২০ জন। নভেম্বর/২০২১ খ্রিঃ মাস পর্যন্ত অত্র উপজেলার প্রশিক্ষণ প্রাপ্ত যুব ও যুব মহিলার সংখ্যা ১৮৯২ জন। চলতি অর্থবছরে ১২০ জন।

৪৪

০২। আত্মকর্মসংস্থানঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০২১-২০২২ খ্রিঃ অর্থ-বছরে আত্মকর্মসংস্থানের লক্ষ্যমাত্রা ৮৪ জন। অত্র উপজেলায় শুরু থেকে নভেম্বর/২০২১ খ্রিঃ পর্যন্ত আত্মকর্মীর সংখ্যা ৫২৫ জন। চলতি অর্থবছরে ৩৫ জন। অর্জিত লক্ষ্যমাত্রা শতভাগ।

০৩। যুব ঋণঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যুব ঋণ সম্পর্কে সভায় জানান যে, অত্র উপজেলায় যুব ঋণের বরাদ্দের পরিমাণ ৫২,৭০,০০০/- যা ঘূর্ণায়মান তহবিল হিসাবে বর্তমানে ৫৯১৫৫৯৮/- হয়েছে। ২০২১-২২ খ্রিঃ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯০ জনকে ৪৯,৫০,০০০/- নভেম্বর/২০২১ খ্রিঃ পর্যন্ত ইতিমধ্যে ২৬ জনকে ১৪৬০০০০/- বিতরণ করা হয়েছে। চলমান আদায়যোগ্য ২৩৯৫০০/-, আদায়কৃত ১৯৯৭০০/-। আদায়ের হার ৮৩%। ক্রমপুঞ্জিত বিতরণ ২২৬ জনকে ১৩২৬০০০০/-। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ৮৫১৩১০০/- ক্রমপুঞ্জিত আদায়কৃত ৮২৯৫৬০০/-। আদায়ের হার ৯৮%।


০৪। যুব সংগঠনঃ অত্র উপজেলায় ১৩টি তালিকাভুক্ত সংগঠন আছে স্বীকৃতিপ্রাপ্ত ৪ টি। তন্মধ্যে সক্রিয় ৬টি। সংগঠনগুলো তাদের গঠনভঙ্গি অনুযায়ী বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে।

০৫। অত্র কার্যালয়ে বেকার যুব/যুব মহিলারা কৃষিক্ষেত্রিক প্রশিক্ষণ ছাড়াও কম্পিউটার, কিল্যান্ডিং, মোবাইল সার্ভিসিং, ড্রাইভিংসহ বিভিন্ন কারিগরী প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণ নিয়ে তাদের বেকারত্ব দূর করতে চায়। যুব উন্নয়ন অধিদপ্তর উধুমাত্র কৃষি ভিত্তিক ০৭দিন মেয়াদী প্রশিক্ষণের জন্য বরাদ্দ পেয়ে থেকে তাই উল্লেখিত প্রশিক্ষণ কোর্সগুলি তারাকান্দায় করানো সম্ভব হয়নি। এমতাবস্থায় তারাকান্দা উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী অথবা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদান করা হইলে প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা যাবে।

সিদ্ধান্ত

১. লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, আত্মকর্মী সৃজন, ঋণ বিতরণ ও আদায় পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।
২. যুব ঋণ যাতে প্রশিক্ষিত প্রকল্প গ্রহনকারী প্রকৃত যুবরাই পায় সে দিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়। তাছাড়া প্রকল্পধারী যুব/যুব মহিলাদের প্রকল্পগুলি নিয়মিত পরিদর্শনপূর্বক তাদেরকে উৎসাহিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।
৩. গ্রাম ভিত্তিক ইলেকট্রনিক্স তৈরীর প্রশিক্ষণটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য উপজেলা পরিষদের নিকট সুপারিশ করা হল ও উক্ত বিষয়টি আগামী উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হল।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ দিয়ে সভার কাজ শেষ করেন।


(মোঃ নজরুল ইসলাম নয়ন)

সভাপতি
যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটি


ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তারাকান্দা, ময়মনসিংহ।

স্মারক নং- ৩৪.০১.৬১৮৮.০০০.০৬.০৫৩.১৯-২৭৬

তারিখঃ ১০.১২.২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ০৩। অফিস নথি।


(মোঃ রশিদ উদ্দিন আলীম)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
তারাকান্দা, ময়মনসিংহ।